# তারেক রহমানের দিল্লি সফর ঘিরে ভারতকে চার শর্ত ঢাকার




ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য ভারত সফরকে সামনে রেখে দিল্লির কাছে চারটি বিষয়ে অগ্রাধিকার দিয়েছে বাংলাদেশ। এর মধ্যে মানবতাবিরোধী অপরাধে দণ্ডিত শেখ হাসিনাসহ পলাতক দণ্ডিত আসামিদের ফেরত পাঠানো এবং শহীদ শরীফ ওসমান হাদি হত্যাকাণ্ডের অভিযুক্তদের প্রত্যর্পণের বিষয় রয়েছে।

রোববার (১৬ আগস্ট) পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে এসব তথ্য জানান মন্ত্রণালয়ের মুখপাত্র এ কে এম শহীদুল করিম।

তিনি বলেন, প্রধানমন্ত্রীর সম্ভাব্য দিল্লি সফর নিয়ে কয়েক সপ্তাহ ধরে বাংলাদেশ ও ভারতের কর্মকর্তাদের মধ্যে আলোচনা চলছিল। তবে গত ৫ আগস্ট নয়াদিল্লিতে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দণ্ডিত শেখ হাসিনার প্রকাশ্য গণমাধ্যমে বক্তব্য দেওয়ার ঘটনায় সফর আয়োজনের প্রক্রিয়ায় জটিলতা তৈরি হয়েছে।

মুখপাত্র জানান, সফরের জন্য অনুকূল পরিবেশ নিশ্চিত করতে বাংলাদেশ কিছু বিষয়ে ভারতের সহযোগিতা চেয়েছে। এর অংশ হিসেবে শেখ হাসিনাসহ ভারতে অবস্থানরত অন্যান্য পলাতক দণ্ডিত আসামিকে প্রত্যর্পণের বিষয়ে দ্রুত পদক্ষেপ নিতে দিল্লির প্রতি আহ্বান জানানো হয়েছে।

এ ছাড়া বাংলাদেশ-ভারত প্রত্যর্পণ চুক্তির আওতায় শরীফ ওসমান হাদি হত্যাকাণ্ডের অভিযুক্তদেরও বাংলাদেশের কাছে হস্তান্তরের অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে ভারতের আনুষ্ঠানিক জবাবের অপেক্ষায় রয়েছে ঢাকা।

এ কে এম শহীদুল করিম বলেন, সার্বভৌম সমতা, জাতীয় মর্যাদা, পারস্পরিক অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করা এবং উভয় দেশের স্বার্থের ভিত্তিতে প্রতিবেশী দেশসহ বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে সম্পর্ক এগিয়ে নিতে সরকার 'বাংলাদেশ ফার্স্ট' নীতি অনুসরণ করবে।

LENS ASIA